গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২০২৪ অর্থবছরের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ঈদ যাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে গণশুনানি ও মতবিনিময় সভার রেকর্ড অব নোটস :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **এ বি এম আমিন উল্লাহ নুরী**<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ৩১ মার্চ ২০২৪ |
| সময় | : | বেলা ২.০০ মিনিট |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ঈদযাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে গণশুনানী ও মতবিনিময় সভার কার্যক্রম শুরু করেন এবং সংশ্লিষ্ট সকলের প্রতি গণশুনানী ও মতবিনিময় সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

১.২ সূচনা বক্তব্যে সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় গণশুনানী ও মতবিনিময় সভা আয়োজনের প্রেক্ষাপট ব্যাখ্যা করে বলেন যে, ১৯৭৪ সালের ২৫ ডিসেম্বরে জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, "... সুখী ও সমৃদ্ধিশালী দেশ গড়তে হলে দেশবাসীকে কঠোর পরিশ্রমের মাধ্যমে উৎপাদন বাড়াতে হবে। কিন্তু একটি কথা ভুলে গেলে চলবে না – চরিত্রের পরিবর্তন না হলে এই অভাগা দেশের ভাগ্য ফেরানো যাবে কি না সন্দেহ। স্বজনপ্রীতি, দুর্নীতি ও আত্মপ্রবঞ্চনার উর্ধ্বে থেকে আমাদের সকলকে আত্মসমালোচনা, আত্মসংযম ও আত্মশুদ্ধি করতে হবে।" মহান নেতার এই ভাষণ ও তাঁর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নের অংশ হিসাবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও তার আওতাধীন দপ্তরসমূহ প্রতি অর্থবছর শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করছে। একইসাথে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সকল দপ্তরে প্রাতিষ্ঠানিক ও আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করাসহ দুর্নীতি প্রতিরোধে শুদ্ধাচার চর্চার উপর বিশেষ গুরুত্বারোপ করেছেন। তিনি জানান জাতির পিতার স্বপ্ন ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে আজকের এই গণশুনানী ও মতবিনিয়ম সভার আয়োজন করা হয়েছে। সভাপতি উল্লেখ করেন যে, সেবা গ্রহীতার দরজায় সেবা পৌঁছে দেয়া আমাদের নৈতিক দায়িত্ব। আর কিছু দিন পরই ঈদুল ফিতরের জন্য মানুষ ঘরমুখী হবেন। আসছে ঈদযাত্রা ও সড়ক নিরাপত্তা নিশ্চিত করা যায় সে বিষয়ে উপস্থিত অংশীজনের মতামত ও পরামর্শ আহ্বান করেন। সড়ক ও সড়ক পরিবহনের সাথে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানকে সম্মিলিতভাবে সমস্যা সমাধানের নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।

২.০ গণশুনানী ও মতবিনিময় সভায় অংশগ্রহণকারীগণের মতামত/পরামর্শ :

২.১ **জনাব মোহাম্মদ আলী, সভাপতি, টাঙ্গাইল জেলা বাস-মিনিবাস শ্রমিক ইউনিয়ন, টাঙ্গাইল :** তিনি সভাকে অবহিত করেন যে, পণ্য পরিবহণের ক্ষেত্রে যমুনা সেতুর স্কেল মেশিনে দুর্নীতি হয়। পণ্য পরিবহণের ক্ষেত্রে যে সকল মালিক ট্রাকে ওভারলোড করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া চন্দ্রা মোড়ে ঈদ যাত্রার একটি বড় অংশ গাড়িতে ওঠা-নামা করে ফলে যানজটের সৃষ্টি হয়। এর সমাধানে Pick-Up/drop এর জন্য নির্দিষ্ট কিছু স্থান, বিশেষত Bus-Bay গুলোকে কার্যকর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

২.২ জনাব **মমিনুল ইসলাম লাবলু, সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা মিনিবাস শ্রমিক ইউনিয়ন, টাঙ্গাইল :** তিনি সভায় উল্লেখ করেন যে, মালিক সমিতি ড্রাইভারের লাইসেন্স না দেখে যেন কোন গাড়ী তাদের হাতে তুলে দেয়। এছাড়া ফিটনেস বিহীন কোন গাড়ী রাস্তায় বের না জন্য সকলের প্রতি অনুরোধ জানান। তিনি আরও উল্লেখ করেনে যে, ওভারলোড একটি নিত্যদিনের ঘটনা, তারা এর সাথে জড়িত অর্থাৎ যে ব্যক্তি পণ্য/ মালামাল সরবরাহের জন্য গাড়ি ভাড়া করছে তাকেও জরিমানার আওতায় আনার প্রস্তাব করেন।

২.৩ **জনাব জাফর আহমেদ, সভাপতি, টাঙ্গাইল প্রেস ক্লাব :** তিনি সভাকে অবহিত করেন যে, ঈদ যাত্রাকে সুগম করতে ঢাকা থেকে উত্তরবঙ্গগামী যানবাহনের ফিটনেসের বিষয়ে দৃষ্টিপাত করেন। তিনি উল্লেখ করেন যে, অধিকাংশ ক্ষেত্রে পুরাতন যানবাহন রাস্তায় বিকল হয়ে যানজটের সৃষ্টি করে। সেক্ষেত্রে পুরাতন যানবাহন ঢাকা থেকে ছাড়ার ক্ষেত্রে বিশেষ শতর্কতা অবলম্বন করে ফিটনেস বিহীন গাড়িগুলোকে চলাচলের অনুমতি প্রদান না করার জন্য অনুরোধ জানান।

২.৪ **সভাপতি মহোদয় :** সভায় উল্লেখ করেন যে, ফিটনেশ বিহীন গাড়ি যেন ঢাকা থেকে বের না হয় সে লক্ষ্যে বিআরটিএ প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে ।

২.৫ **জনাব মোঃ আকরব আলী, পাবলিক প্রসিকিউটর, টাঙ্গাইল :** তিনি সভাকে অবহিত করেন যে, ছোট গাড়ী, থ্রি-হুইলার ইত্যাদি যানবাহন সার্ভিস রোডে না চলে মহাসড়কে প্রবেশ করে ফলে দুর্ঘটনা ঘটে। এছাড়া তিনি উল্লেখ করেন যে, ঈদের পাঁচদিন পূর্বে সড়ক নির্মাণ কাজ বন্ধ রাখলে যানজট কিছুটা হলেও লাঘব হবে।

২.৬ **খন্দকার আশরাফউজ্জামান স্মৃতি, বীর মুক্তিযোদ্ধা ও সমাজসেবী :** তিনি সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধু সেতু টোল আদায় ধীরগতির কারণে জ্যামের সৃষ্টি হয়। এছাড়া মহাসড়কে লক্কর-ঝক্কর গাড়ী চলাচলের ফলেও জ্যাম সৃষ্টির অন্যতম কারণ। ঈদের পূর্বেই এগুলির সমাধান প্রয়োজন।

২.৭ **মেজর মনজুর মেহেদী ইসলাম, কোম্পানী অধিনায়ন, র‌্যাব-১৪ :** তিনি সভাকে অবহিত করেন যে, ঈদ যাত্রা উপলক্ষ্যে কন্ট্রোল রুম খোল হয়েছে। মোবাইল পেট্রোল ডিউটি চালু রাখা হয়েছে।

২.৮ **জনাব মোঃ ইব্রাহিম খলিল, জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, টাঙ্গাইল :** তিনি সভাকে অবহিত করেন যে, বঙ্গাবন্ধু সেতুর টোল বুথে গাড়ির ধীরগতি যানজটের অন্যতম একটি কারণ। এ থেকে উত্তরণের জন্য Electric Toll Collection (ETC) কে কার্যকর করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। এছাড়া টোল প্রদানের সময় ড্রাইভারদের হাতে ভাংতি টাকা রাখার অনুরোধ জানান। তিনি আরও উল্লেখ করেন যে, মহাসড়কে ফুটওভারব্রীজ ব্যবহার করলে দুর্ঘটনা কিছুটা হলেও কমবে।

২.৯ **সভাপতি মহোদয় :** ETC কে জনগণের কাছে গ্রহণযোগ্য করার জন্য সংবাদপত্র/মিডিয়া ব্যবহারের জন্য বঙ্গবন্ধু সেতুর দায়িত্বরত কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন।

২.৯ **জনাব সিনথিয়া আজমিরী খান, নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, টাঙ্গাইল :** তিনি সভাকে জানান যে, ETC সর্বস্তরের ব্যবহারের জন্য এক/দু'মাসের জন্য Subsidy বাড়িয়ে দিয়ে জনগনকে System এর অন্তর্ভূক্ত করা এবং পরবর্তীতে এর গ্রহণযোগ্যতা বাড়লে discount কমিয়ে দেওয়া যেতে পারে মর্মে তিনি উল্লেখ করেন।

২.১০ **জনাব মোঃ আহসানুল কবীর, নির্বাহী প্রকৌশলী, বঙ্গবন্ধু বহুমুখী সেতু কর্তৃপক্ষ :** তিনি সভাকে অবহিত করেন যে, ঈদযাত্রা উপলক্ষ্যে সেতুতে অতিরিক্ত টোল বুথ স্থাপন করা হবে। মোট ০৭টি টোল বুথ চালু থাকবে। মোটর সাইকেলের জন্য আলাদা লেনে টোল বুথ থাকবে। রেল ক্রসিং এর গেট বন্ধ রাখার সময় কমিয়ে আনার বিষয়ে তিনি সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। এছাড়া দ্রুত টোল পরিশোধের ক্ষেত্রে ইটিসি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।

২.১১ **ড. মোহা. তৌহিদুল ইসলাম, রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় :** তিনি সভাকে অবহিত করেন যে, আশা করি আমরা ভালভাবে ঈদ উদযাপন করতে পারব। তিনি বলেন যানজট হলে দেরীতে হলেও বাড়ীতে পৌছাতে পারি। কিন্তু দুর্ঘটনা ঘটলে আর বাড়ী ফেরা হয়না। দুর্ঘটনার কারণে যানজটের সৃষ্টি হয়। তিনি আরও উল্লেখ করেন যে, আমরা সকলে মিলে দীর্ঘমেয়াদী সড়ক দুর্ঘটনা ও যানজটের উপর গবেষণা করে একটি সমাধানে আসতে পারি।

২.১২ **জনাব জনাব শরফুদ্দীন আহমেদ, অতিরিক্ত পুলিশ সুপার, জেলা পুলিশ, টাঙ্গাইল :** তিনি সভায় ঈদ যাত্রা এবং সড়ক নিরাপত্তা নিশ্চিত করনে গৃহীত ব্যবস্থা উপস্থাপন করে বলেন যে, ৬৫ কি.মি রাস্তায় ৭০০ পুলিশ নিয়োজিত থাকবে। ট্রাফিক ম্যানেজমেন্টের ক্ষেত্রে বৃষ্টির বিষয়টি বিবেচনায় রাখার কথা উল্লেখ করেন। এছাড়া তিনি আরও বলেন যে, ছোট গাড়ী অর্থাৎ ইজিবাইক, সিএনজি ইত্যাদি থ্রি-হুইলার মহাসড়কে প্রবেশ করতে দেয়া হবে না। ফিডার সড়কের সংযোগ স্থল বন্ধ করে দেয়া হবে।

২.১৩ **জনাব মোঃ শওকত আলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক জোন, ময়মনসিংহ :** সভাকে অবহিত করেন যে, এবারের ঈদ যাত্রায় সকলের সহযোগিতায় সকল সমস্যার সমাধান করা সম্ভব হবে। সকল সংস্থা ও ব্যক্তি মিলে সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য কাজ করলে সমাধান হবেই।

২.১৪ **ড. মোঃ ওয়ালিউর রহমান, প্রকল্প পরিচালক, সাসেক-২ প্রকল্প :** সভাকে অবহিত করেন যে, সাড়ে ৬ কি.মি. সড়ক ৪ লেনের সুবিধা প্রদান করা যাচ্ছে। এছাড়া ৭ কি.মি. ২ লেন সড়ক ব্যবহার করা হচ্ছে। এই ৭ কি.মি. সড়কে ওভারটেকিং করার ফলে যানজট ও দুর্ঘটনা ঘটে। এছাড়া ভুয়াপুর রেলক্রসিংয়ের কারণেও যানজটের সৃষ্টি হয়। গতবারের ন্যায় এবারেও টিমওয়ার্কের মাধ্যমে সকল সমস্যার সমাধান করা হবে।

২.১৫ **সৈয়দ মঈনুল হাসান, প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর :** সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃঢ় নেতৃত্ব এবং মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর নির্দেশনায় আমরা আমাদের মহাসড়ক নিরাপদ রাখার সকল প্রচেষ্টা অব্যাহত রাখব।

২.১৬ **মো: কায়ছারুল ইসলাম, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল :** তিনি সভাকে অবহিত করেন যে, ঈদ যাত্রায় ইফতারের ব্যবস্থা, টয়লেটের ব্যবস্থা রাখা হবে। এছাড়া দুর্ঘটনা কবলিত যানবাহন দ্রুত মেরামতের জন্য মেকানিক গ্রুপ প্রস্তুত রাখার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, প্রতি ৭ কিলোমিটারে ১০ জন করে টিমে তিন শিফটে মোট ২১০ জন কাজ করবে। এছাড়া সকলের সাথে দ্রুত যোগাযোগের জন্য হোয়াটস এ্যাপ গ্রুপ খোলা হবে।

২.১৭ **সভাপতি মহোদয় :** সভায় উল্লেখ করেন যে, সকলকে নিয়ে প্রত্যেক জেলায় সড়ক নিরাপত্তা বিষয়ক সভা করার উদ্যোগ নিতে হবে। এছাড়া সকল উপজেলায়ও সড়ক নিরাপত্তা বিষয়ক সভা করার ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। তিনি আগামী ০৩/০৪/২০২৪ তারিখের মধ্যে মহাসড়কের সকল মেরামত কাজ সম্পন্ন করার জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন।

৩.০ অতঃপর সকলকে ধন্যবাদ জানিয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ঈদ যাত্রা ও সড়ক নিরাপত্তা বিষয়ে গৃহীত পরামর্শ ও নির্দেশনা যথাযথভাবে পালন করা এবং সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করে গণশুনানী ও মতবিনিময় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
**(এ বি এম আমিন উল্লাহ নুরী)**
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০১৩.২৩-৫২

তারিখ : ২৬ চৈত্র, ১৪৩০ / ০৯ এপ্রিল, ২০২৪

**বিতরণ :**

(ক) সরকারি সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, ২১ রাজউক এভিনিউ, ঢাকা।
৫. যুগ্মসচিব, বাজেট অনুবিভাগ এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও এপিএ টিম লিডার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, জামালপুর সড়ক সার্কেল, জামালপুর।
৮. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৯. পুলিশ সুপার, টাঙ্গাইল।
১০. পুলিশ সুপার, হাইওয়ে পুলিশ, গাজীপুর রিজিয়ন, গাজীপুর।
১১. সিভিল সার্জন, টাঙ্গাইল।
১২. জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, টাঙ্গাইল।
১৩. জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, টাঙ্গাইল।
১৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
১৫. সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, টাঙ্গাইল।

১৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, টাঙ্গাইল।
১৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, টাঙ্গাইল।
১৮. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল।
১৯. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল, টাঙ্গাইল।
২০. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, টাঙ্গাইল।
২১. উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল।
২২. কোম্পানী কমান্ডার, র‌্যাব-১২, টাঙ্গাইল।
২৩. উপ-পরিচালক, এনএসআই, টাঙ্গাইল।
২৪. উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
২৫. প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, টাঙ্গাইল।
২৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল।
২৭. জেলা শিশুবিষয়ক কর্মকর্তা, শিশু একাডেমী, টাঙ্গাইল।
২৮. সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রক কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর, টাঙ্গাইল।
২৯. সহকারী পরিচালক (ইঞ্জি), বিআরটিএ, টাঙ্গাইল।
৩০. পুলিশ পরিদর্শক, গোড়াই হাইওয়ে থানা, টাংগাইল।

(খ) স্থানীয় সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. চেয়ারম্যান, জেলা পরিষদ, টাঙ্গাইল।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
৩. উপজেলা পরিষদ চেয়ারম্যান, টাঙ্গাইল।
৪. মেয়র, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।

(গ) শিক্ষা প্রতিষ্ঠান (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. উপাচার্য, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল।
২. অধ্যক্ষ, সরকারী সা'দত কলেজ, করটিয়া, টাঙ্গাইল।
৩. অধ্যক্ষ, কুমুদিনী মহিলা সরকারি কলেজ, টাঙ্গাইল।
৪. অধ্যক্ষ, সরকারি এম এম আলী কলেজ, কাগমারী, সন্তোষ, টাঙ্গাইল।
৫. অধ্যক্ষ, সরকারি শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ, পৌরসভা, টাঙ্গাইল।
৬. পরিচালক, পরিবহন, মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল।

(ঘ) পরিবহন সংশ্লিষ্ট ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, টাঙ্গাইল।
২. সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, টাঙ্গাইল জেলা শাখা।
৩. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, টাঙ্গাইল।
৪. জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, জেলা শাখা, টাঙ্গাইল।
৫. সভাপতি/সাধারণ সম্পাদক, নিরাপদ সড়ক চাই, জেলা শাখা, টাঙ্গাইল।
৬. জনাব আশরাফুল ইসলাম বি,এম (মামলা কর্মকর্তা), টিএমএসএস, জোন অফিস, টাঙ্গাইল।
৭. জনাব মোকাম্মেল হক খান, পাবলিকেশন চীফ, সেবা, টাঙ্গাইল।
৮. সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা বাস মালিক সমিতি, টাঙ্গাইল।
৯. সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা ট্রাক মালিক সমিতি, টাঙ্গাইল।
১০. সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা মটর শ্রমিক ইউনিয়ন, টাঙ্গাইল।
১১. সভাপতি/সাধারণ সম্পাদক, টাঙ্গাইল জেলা ট্যাংক লরি কাভার্ডভ্যান শ্রমিক ইউনিয়ন, টাঙ্গাইল।

অনুলিপি (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয় [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):
১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

৭/৪/২৪
(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮